Total number of pages—8

Mahesh Chandra Dev Goswami Lib.
Acc. No............
Date...............
Nowgong Girls' College

**27T MBEN**

# 2017

# BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

| | | |
|---|---|---|
| *Q. Nos.* **1 & 2** *carry* **1** *mark each* | | 1×10=10 |
| *Q. No.* **3** *carries* **2** *marks each* | | 2×2=4 |
| *Q. No.* **4** *carries* **3** *marks each* | | 3×3=9 |
| *Q. No.* **5** *carries* **3** *marks each* | | 3×2=6 |
| *Q. No.* **6** *carries* **4** *marks each* | | 4×2=8 |
| *Q. Nos.* **7 & 8** *carry* **9** *marks (4+5) each* | | 9×2=18 |
| *Q. No.* **9** *carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 3×2=6 |
| | *(c)* | 1×4=4 |
| | *(d)* | 2×2=4 |
| | *(e)* | 1×2=2 |
| *Q. No.* **10** *carries the following marks* | | |
| | *(a)* | 15 |
| | *(b)* | 10 |
| | Total = | 100 |

*Contd.*

Acc. No. ..........
Date ..........

১। অর্থ লেখো ঃ (ক) মদিনা *অথবা* অন্নপান ১+১=

(খ) লাঙ্গুল *অথবা* মুখাপেক্ষী

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=

(ক) খঞ্জনা কী ?

(খ) নবী কাদের বলে ?

(গ) মানুষের অধিকারে ______ করেছ যারে।

(শূন্যস্থান পূর্ণ করো।)

(ঘ) ভদ্রাসন মানে কী ?

(ঙ) তপেশের কর্মস্থল কোথায় ছিল ?

(চ) Duck Bill-এর বৈজ্ঞানিক নাম কী ?

(ছ) কার মতে আধ্যাত্মিকতার উপলব্ধিই শিক্ষার লক্ষ্য হওয়া উচিত ?

(জ) কৈশোর কাল শিশু বিকাশের কোন স্তর ?

৩। টীকা লেখো ঃ 2+

(ক) ত্রিপিটক *অথবা* চাঁদ

(খ) ওয়াটার্লু *অথবা* লাইসেঙ্কো



৪। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) বিপিনবাবুকে কেন মার খেতে হয়েছিল, লেখো।

(খ) পরেশ গুরুচরণের কে হয় ? সে কীভাবে গুরুচরণের আপন ছেলে হয়ে উঠেছিল ?

(গ) " কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই"— কোন পাঠ থেকে গৃহীত ? এটি ব্যাখ্যা করো।

(ঘ) পল্টুর অসুস্থ অবস্থায় নরেশ ও পরেশ কে কী ধরণের চিকিৎসার ব্যবস্থা করেছিলেন ?

৫। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) "অপমানে হতে হবে তাহাদের সবার সমান" —

উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) বেহুলা যখন স্বামীর মৃতদেহ নিয়ে অমরাবতীতে যাত্রা করেছিলেন, তখন তিনি পথে কী কী দেখেছিলেন, লেখো।

(গ) "বুড়োরা কয়...."

বুড়োরা রূপাই সম্বন্ধে কী বলেন এবং কেন তাঁরা এমন বলেছেন ?

৬। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) যেহেতু 'মূল্যবোধ কোনো জন্মগত গুণ নয়' বলে লেখক মনে করেন, তা কীভাবে আহরণ করা যায় সে বিষয়েও তিনি বলেছেন। এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত দাও।

*অথবা*

মূল্যবোধ শিক্ষাকে তুমি আবশ্যক বলে মনে করো কী ? তোমার মতামতের পক্ষে যুক্তিসহ আলোচনা করো।

(খ) কৈশোরকালকে স্টেনলি হল কীরকম কাল বলে মনে করেন ? তাঁর মনে হওয়ার পেছনে যে যুক্তিগুলো দিয়েছেন, সে সম্পর্কে লেখো।

*অথবা*

কী ধরনের শিক্ষাব্যবস্থা কৈশোরকালের উপযোগী ? পাঠ্যাংশ অবলম্বনে তোমার মতামত জানাও।

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ 8+(

(ক) বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর ...

*অথবা*

তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,
সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ!

(খ) এক বিষয়ে কিন্তু উভয়ের মিলও ছিল।
পল্টুকে উভয়ে ভালোবাসিতেন।

*অথবা*

এ পৃথিবীর মৎস্য-মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও — নইলে চুরি করিব

৮। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ 8+(

(ক) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটির একটি সারসংক্ষেপ তৈরি করো।



*অথবা*

বিশ্বকবি রবীন্দ্রনাথ ভারতবর্ষকে দুর্ভাগা দেশ বলে অভিহিত করেছেন কেন — আলোচনা করো।

(খ) 'পরেশ' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

অল্পদর্শিতা অসতর্কতা ও অন্ধ সংস্কারের ফলে সাধারণ লোকের বিচারে যেরকম ভুল হয়, তা *দু-একটি* উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

৯। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) সূত্র নির্দেশ করে সন্ধি বিচ্ছেদ করো ঃ *(যে কোনো চারটি)* ১×৪=৪

পরমাণু ; স্বাধীন ; জগদীশ ; মহাশয় ; ভাষাচার্য ; চলচ্চিত্র ; উচ্ছ্বাস ; যোগীন্দ্র।

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ *(যে কোনো তিনটি)* ৩×২=৬

রামানুজ ; পশুপক্ষী ; নির্ধন ; পঞ্চবটী ; উপকূল ; পুরুষসিংহ।

(গ) প্রত্যয় নির্ণয় করো ঃ *(যে কোনো চারটি)* ১×৪=৪

হাসি ; খোদাই ; রাঁধুনী ; জমিদারি ; সাপুড়ে ; ঘরামি

(ঘ) নিম্নলিখিত বাগ্‌বিধিগুলির অর্থ লেখো এবং বাক্য রচনা করো ঃ *(যে কোনো দুটি)* ২×২=৪

আক্কেল সেলামি ; পোয়া বারো ; গৌরচন্দ্রিকা ; চোখের বালি।

(ঙ) *যে কোনো দুটি* প্রবাদের অর্থ লেখো ঃ ১×২=২

এক মাঘে শীত যায় না ; উদোর পিন্ডি বুধোর ঘাড়ে ; টাকা লাগে দেবে গৌরী সেন ; জুতো মেরে গরু দান।

১০। (ক) *যে কোনো একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১৫

*(ক)* কুটিরশিল্প ও অসম

*(খ)* তোমার প্রিয় গ্রন্থ

*(গ)* পণপ্রথা — একটি সামাজিক সমস্যা।

*(ঘ)* বিজ্ঞান — আশীর্বাদ না অভিশাপ ?

(খ) সারাংশ লেখো ঃ ১০

রামমোহন আর নবজাগরণ যেন সমার্থক। নবজাগরণের অধিকাংশ লক্ষণই রামমোহনের একার কর্মকাণ্ডে পরিস্ফুট। কোন্‌খান থেকে এই লক্ষণগুলির তালিকা প্রণয়ন শুরু করব ? তাঁর প্রধান কীর্তি হিসেবে যা প্রসিদ্ধ সেই সতীদাহ প্রথা নিবারণের কথাই আগে বলি। ইউরোপে যখন কট্টর খ্রিস্টনীতির থেকে বিচ্যুতির জন্য বা ধর্মনিরপেক্ষ মতামতের জন্যে পণ্ডিত ও বিদ্বানদের পুড়িয়ে মারার জোয়ার চলছিল তখন রামমোহন সতীদাহের আন্দোলন করেছেন। তারপরে সতীদাহ প্রথা থেকে রক্ষা পাওয়া বিধবার জীবনধারণ চলবে কী করে তা নিয়েও রামমোহন ভেবে নারীকে পৈতৃক সম্পত্তিতে অধিকার দেওয়ার দাবি তুলেছেন। এককথায় তাঁর ছিল নারীকে বাঁচাবার অধিকার প্রদানের ব্রত। নারীপ্রসঙ্গকে রামমোহন যে গুরুত্ব দিয়েছেন তাকে বিশেষ প্রেরণা ও প্রগতি দিয়েছেন বিদ্যাসাগর এবং তাঁর কর্মকাণ্ডের ধারাবাহিকতা রক্ষা করেছেন কেশবচন্দ্র সেন, শিবনাথ শাস্ত্রী, দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়, দুর্গামোহন দাস প্রমুখ, তা ছাড়া ড্রিঙ্ক ওয়াটার বেথুন, ভগিনী নিবেদিতার মতো অনেক বিদেশিও নারীকে বাঁচবার অধিকার প্রদানের ব্রত পালন করেছেন এবং এঁদের সঙ্গে রামকৃষ্ণ-পত্নী সারদা ও বেগম রোকেয়াও।



*অথবা*

চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির,
জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী
বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি,
যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হতে
উচ্ছ্বসিয়া উঠে, যেথা নির্বারিত স্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
অজস্র সহস্রবিধ চরিতার্থতায়,
যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোতঃপথ ফেলে নাই গ্রাসি—
পৌরুষেরে করেনি শতধা, নিত্য যেথা
তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা,
নিজ হস্তে নির্দয় আঘাত করি, পিতঃ
ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত।।

——×——